

আধুনিক হবে বেসু

নিজস্ব সংবাদদাতা: বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটির (বেসু) আধুনিকীকরণে কিছু পরিকল্পনা নিয়েছেন কর্তৃপক্ষ। উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায় জানান, আগামী শিক্ষাবর্ষে স্নাতক ও স্নাতকোত্তর স্তরে কয়েকটি নতুন বিষয় চালু হবে। শিবপুরে আরও ৭০ একর জমির জন্য রাজ্য সরকারের কাছে আবেদন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের নেতৃত্বশো বছর পূর্তি উপলক্ষে ২৪ নভেম্বর শুরু হবে বর্ষব্যাপী অনুষ্ঠান।